21 ডিসেম্বর, 2020

প্রিয় পিতা-মাতাগণ/অভিভাবকবৃন্দ এবং শিক্ষার্থীগণ,

আজকে অন্টারিও সরকার (গভার্ণমেন্ট অব অন্টারিও) ঘোষণা করেছেন যে শনিবার, 26 ডিসেম্বর তারিখে প্রদেশটি কোভিড-19 এর বিস্তার আরও মন্থর করার জন্য গ্রে (লকডাউন) জোন এ প্রবেশ করবে। টরন্টো এবং দক্ষিণ বা সাউদার্ন অন্টারিওর বাকি অংশে এই লকডাউনটি 28 দিন থাকবে। এই ঘোষণার অংশ হিসেবে, সরকার বলেছেন যে **সাউদার্ন অন্টারিওর সকল প্রাথমিক বা এলিমেন্টারি স্কুল, যেগুলো টিডিএসবিতে (TDSB) রয়েছে সেগুলো সহ সোমবার, 11 জানুয়ারি, 2021 তারিখ পর্যন্ত শিক্ষার্থীগণের জন্য বন্ধ থাকবে, এবং সোমবার, 25 জানুয়ারি, 2021 তারিখ পর্যন্ত সকল সেকেন্ডারি বা মাধ্যমিক স্কুল বন্ধ থাকবে**। এই সময়টিতে, ব্যক্তিগতভাবে-উপস্থিতির সকল স্কুল দূরবর্তী শিক্ষণ বা রিমোট লার্নিং এ স্থানান্তরিত হবে, তবে ভার্চুয়াল স্কুলসমূহ স্বাভাবিকের মতই চলবে।

অনুগ্রহ করে টিডিএসবি স্কুলসমূহে দূরবর্তী শিক্ষণের এই স্থানান্তর সম্পর্কে অতিরিক্ত তথ্যের জন্য নিচে দেখুন।

প্রাথমিক স্কুলসমূহ

ব্যক্তিগতভাবে-উপস্থিতির স্কুলসমূহ: শিক্ষার্থীগণ তাদের বাড়ি থেকেই তাদের স্কুলের নিয়মিত শিক্ষক দ্বারা প্রদান করা দূরবর্তী শিক্ষণ পাবেন। প্রাথমিক স্কুলসমূহ তাদের স্কুলের নিয়মিত সময়সূচি/সময়তালিকা অনুসরণ করবে। কিছু ক্ষেত্রে, সামান্য সমন্বয়সাধন করার প্রয়োজন হতে পারে যা পরিবারবৃন্দকে সোমবার, 4 জানুয়ারি জানানো হবে।

ভার্চুয়াল স্কুলসমূহ: স্বাভাবিকের মতই চলতে থাকবে।

মাধ্যমিক স্কুলসমূহ:

ব্যক্তিগতভাবে-উপস্থিতির স্কুলসমূহ: মাধ্যমিক স্কুলসমূহ সমন্বয়কৃত একটি সময়তালিকা অনুসরণ করবে:

সময়	**1ম দিন**	**2য় দিন**	**3য় দিন**	**4র্থ দিন**
সকাল 8:45টা - সকাল 10:00টা	**কোর্স 1** Synchronous (যুগপত)	**কোর্স 1** Synchronous (যুগপত)	**কোর্স 2** Synchronous (যুগপত)	**কোর্স 2** Synchronous (যুগপত)

সকাল 10টা - সকাল 10:30টা	**কোর্স 1** Asynchronous (অযুগপত) / Independent Learning (স্বতন্ত্র শিক্ষণ)	**কোর্স 1** Asynchronous (অযুগপত) / Independent Learning (স্বতন্ত্র শিক্ষণ)	**কোর্স 2** Asynchronous (অযুগপত) / Independent Learning (স্বতন্ত্র শিক্ষণ)	**কোর্স 2** Asynchronous (অযুগপত) / Independent Learning (স্বতন্ত্র শিক্ষণ)
সকাল 10:30টা - সকাল 11:45টা	**কোর্স 1** Synchronous (যুগপত)	**কোর্স 1** Synchronous (যুগপত)	**কোর্স 2** Synchronous (যুগপত)	**কোর্স 2** Synchronous (যুগপত)
সকাল 11:45টা - দুপুর 12:30টা	**কোর্স 1** Asynchronous (অযুগপত) / Independent Learning (স্বতন্ত্র শিক্ষণ)	**কোর্স 1** Asynchronous (অযুগপত) / Independent Learning (স্বতন্ত্র শিক্ষণ)	**কোর্স 2** Asynchronous (অযুগপত) / Independent Learning (স্বতন্ত্র শিক্ষণ)	**কোর্স 2** Asynchronous (অযুগপত) / Independent Learning (স্বতন্ত্র শিক্ষণ)
দুপুর 12:30টা - দুপুর 1:10টা	মধ্যাহ্নভোজ বা লাঞ্চ			
দুপুর 1:10টা - দুপুর 2:00টা	এপিএ (APA) /পিএমএ (PMA)			

দুপুর 2:00টা - বিকাল 3:15টা	**কোর্স 2** Synchronous (যুগপত)	**কোর্স 2** Synchronous (যুগপত)	**কোর্স 1** Synchronous (যুগপত)	**কোর্স 1** Synchronous (যুগপত)

বিঃদ্রঃ: পিরিয়ড 1 ক্লাশ সকাল 8:45টা থেকে দুপুর 12:30টা পর্যন্ত চলবে এবং যুগপত/অনলাইন শিক্ষণের 150 মিনিট এবং অযুগপত/স্বতন্ত্র কাজের 75 মিনিট অন্তর্ভুক্ত করবে। শিক্ষকগণ সকাল 8:45 টায় যুগপত অনলাইন শিক্ষণ শুরু করবেন। উপরের সময়তালিকাটিতে পূর্বনির্ধারিত অযুগপত সময়সমূহে কিভাবে অযুগপত সময়সমূহ নির্ধারণ করা হতে পারে তারই একটি উদাহরণ। যুগপত এবং অযুগপত সময়সমূহের সময়সূচি কিভাবে করা হবে তা নির্ধারণ করার জন্য শিক্ষকগণ পেশাগত সিদ্ধান্ত ব্যবহার করবেন।

ভার্চুয়াল স্কুলসমূহ: স্বাভাবিকের মতই চলতে থাকবে।

এডভান্স এবং এডাল্ট ডে স্কুলসমূহ (EdVance and Adult Day Schools)

ব্যক্তিগতভাবে-উপস্থিতির স্কুল: এডাল্ট ডে স্কুলসমূহ এবং এডভান্স কর্মসূচিসমূহে শিক্ষার্থীগণ এই অনলাইন সময়সূচিটি অনুসরণ করবেন:

	1ম দিন	2য় দিন	3য় দিন	4র্থ দিন
পিরিয়ড 1: 3 ঘন্টাসমূহ	1AB Synchronous (1এবি যুগপত)	1AB Synchronous (1এবি যুগপত)	2AB Synchronous (2এবি যুগপত)	2AB Synchronous(2এবি যুগপত)
পিরিয়ড 2: 1 ঘন্টা	2AB Synchronous (2এবি যুগপত)	2AB Synchronous (2এবি যুগপত)	1AB Synchronous (1এবি যুগপত)	1AB Synchronous (1এবি যুগপত)
পিরিয়ড 3: 2 ঘন্টাসমূহ	3AB Synchronous (3এবি যুগপত)	3AB Synchronous (3এবি যুগপত)	3AB Synchronous (3এবি যুগপত)	3AB Synchronous (3এবি যুগপত)

প্রতিটি স্কুলের জন্য শুরু সময়সমূহ এবং মধ্যাহ্নভোজের সময়সমূহ একই থাকবে।

ভার্চুয়াল স্কুলসমূহ: স্বাভাবিকের মতই চলতে থাকবে।

অ্যাল্টারনেটিভ স্কুলসমূহ/কর্মসূচিসমূহ (Alternative Schools/Programs)

ব্যক্তিগতভাবে-উপস্থিতির স্কুল: স্কুলসমূহ যারা বোর্ডের তৈরিকৃত অভিযোজিত সময়তালিকা (যেমন অ্যাল্টারন্যাটিভ স্কুলসমূহ-কর্মসূচিসমূহ, সমবেত স্থানসমূহ, আইএসপিস, ইত্যাদি)না ব্যবহার করছে তারা স্থানীয়ভাবে তৈরি করা দূরবর্তী শিক্ষণের সময়সূচিসমূহ বাস্তবায়ন করবে।

ভার্চুয়াল স্কুলসমূহ: স্বাভাবিকের মতই চলতে থাকবে।

বিশেষ শিক্ষা সংক্রান্ত সমবেত স্থানসমূহ (স্পেশাল এডুকেশন কনগ্রিগেটেড সাইটস)

সমবেত স্থানসমূহ বা কনগ্রিগেটেড সাইটসমূহ (নিচে তালিকা দেওয়া রয়েছে) স্থানীয়ভাবে তৈরি করা দূরবর্তী শিক্ষণের সময়সূচিসমূহ বাস্তবায়ন করবে।

প্রাথমিক সমবেতকৃত স্থানসমূহ বা এলিমেন্টারি কনগ্রিগেটেড সাইটসমূহ: বেভারলি স্কুল, লুসি ম্যাককরমিক সিনিয়র স্কুল, সেনেকা স্কুল, সানি ভিউ জুনিয়র এন্ড সিনিয়র পাবলিক স্কুল, পার্ক লেইন পাবলিক স্কুল এবং উইলিয়াম জে ম্যাককোরডিক স্কুল

মাধ্যমিক সমবেতকৃত স্থানসমূহ বা সেকেন্ডারি কনগ্রিগেটেড সাইটসমূহ: সেন্ট্রাল ইটোবিকো হাই স্কুল, ড্রুইরি সেকেন্ডারি স্কুল, ফ্র্যাংক ওক সেকেন্ডারি স্কুল, ম্যাপলউড হাই স্কুল, স্যার উইলিয়াম ওসলার, ইয়র্ক হামবার হাই স্কুল

অনুগ্রহ করে লক্ষ্য করুন যে সবচেয়ে বেশী দুর্বল যারা তাদের রক্ষা করার জন্য সরকারে প্রচেষ্টাসমূহের অংশ হিসেবে স্কুল বোর্ডসমূহ যেখানে সম্ভব, বিশেষ শিক্ষা চাহিদা সম্পন্ন শিক্ষার্থীগণ যারা শিক্ষার্থীর চাহিদাসমূহের উপর ভিত্তি করে দূরবর্তী শিক্ষণের মাধ্যমে সমন্বয়সাধন করতে পারবেন না তাদের জন্য ব্যক্তিগতভাবে-উপস্থিতি সংক্রান্ত সহায়তা প্রদান করবে। আপনি যদি মনে করেন যে এটির প্রয়োজন হতে পারে, অনুগ্রহ করে আপনার শিশুর প্রিন্সিপ্যালের সাথে কথা বলুন।

শিশু যত্ন কেন্দ্র বা চাইল্ড কেয়ার/বর্ধিত দিবা কর্মসূচিসমূহ বা এক্সটেন্ডেড ডে প্রোগ্রামস

টিডিএসবির স্কুলসমূহের ভিতরে অবস্থিত সকল শিশু যত্ন কেন্দ্র বা চাইল্ড কেয়ার সম্পর্কিত কর্মসূচি যারা শিশু, সদ্য হাঁটতে শেখা শিশু এবং প্রাক-স্কুল বয়সী শিশুদের পরিষেবা প্রদান করে তাদের লকডাউনের সময় খোলা থাকার জন্য অনুমতি প্রদান করা হবে তবে পিতা-মাতাগণ/অভিভাবকবৃন্দের বিস্তারিতের জন্য তাদের স্বতন্ত্র শিশু যত্ন কেন্দ্র চালনাকারীর সাথে তা নিশ্চিত করা উচিত। যখন স্কুলসমূহ বন্ধ, টিডিএসবির সকল বর্ধিত দিবা কর্মসূচিসমূহ বা এক্সটেন্ডেড ডে প্রোগ্রামস এবং বিফোর- এবং আফটার স্কুলস প্রোগ্রমাস বা স্কুল-শুরুর পূর্বে ও স্কুল-শেষ হওয়ার পরের কর্মসূচিসমূহও বন্ধ থাকবে।

Toronto District School Board

পরবর্তী পদক্ষেপসমূহ

টিডিএসবি শিক্ষার্থীগণকে এই বছর 70,000 এর চেয়ে বেশী যন্ত্র বা ডিভাইস বিতরণ করেছে, তবে আমরা জানি যে এই দূরবর্তী শিক্ষণের সময় এখনও কিছু কিছু শিক্ষার্থীর ডিভাইসের প্রয়োজন হতে পারে। এই সকল ক্ষেত্রে, একটির বন্দোবস্ত করার জন্য স্কুল যখন পুনরায় খুলবে, পরিবারবৃন্দকে তাদের স্কুলে যোগাযোগ করার জন্য উৎসাহিত করা হচ্ছে। অনুগ্রহ করে লক্ষ্য করুন যে যন্ত্রসমূহ উপলভ্যতার উপর ভিত্তি করে প্রদান করা হবে এবং বিতরণ করার জন্য সময় লাগতে পারে।

আজকের সংবাদটি এমন এক সময়ে এসেছে যখন সকল স্কুল শীতকালীন বিরতি বা উইন্টার ব্রেকে রয়েছে, তাই আমি জানি যে পরবর্তী পদক্ষেপসমূহ সম্পর্কে আপনাদের অনেকেরই প্রশ্ন থাকতে পারে। ব্যক্তিগতভাবে-উপস্থিতির স্কুলের ক্ষেত্রে, সোমবার, 4 জানুয়ারি, 2021 তারিখে শিক্ষকগণ শিক্ষার্থীগণ ও পরিবারবৃন্দের সাথে আরও তথ্য প্রদান করার জন্য যোগাযোগ করবেন এবং দূরবর্তী শিক্ষণে স্থানান্তরের প্রক্রিয়া, যা অপেক্ষাকৃত দ্রুত একটি প্রক্রিয়া হবে বলে প্রত্যাশা করা হচ্ছে, তা শুরু করবেন। ভার্চুয়াল স্কুলের শিক্ষার্থীগণের ক্ষেত্রে, শিক্ষণ স্বাভাবিকের মতই সোমবার, 4 জানুয়ারি, 2021 তারিখে চলতে থাকবে।

অপ্রত্যাশিত না হলেও, আমি জানি যে অনেকের জন্য এই সংবাদটি কষ্টকর হবে। আমি নিশ্চিত করতে চাই যে গত 9 মাস ধরে আমরা দূরবর্তী শিক্ষণ সম্পর্কে অনেক কিছু শিখেছি এবং যদিও সামনে এখনও সমস্যাসমূহ থাকতে পারে, আমরা আমাদের শিক্ষার্থীগণ এবং পরিবারবৃন্দকে যতটা স্বচ্ছন্দের সাথে সম্ভব পরিবর্তনটি নিশ্চিত করতে সহায়তা করবো।

বিনীত,

K. Witherow

Kathy Witherow (ক্যাথি উইথারো)
Interim Director of Education (অন্তবর্তীকালীন শিক্ষা বিষয়ক পরিচালক)